

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৪৭-আইন/২০১০/৫৬৭-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড অত্র বোর্ডের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০১-আইন/২০১০/৫৫০-মূসক এর মাধ্যমে জারিকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১০ এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার টেবিল এর -

- (ক) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা So২৪ এবং উহার বিপরীতে কলাম (৪) এর দফা (খ) এ উল্লিখিত “বিশ শতাংশ” শব্দগুলির পর (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে) বন্ধনী, শব্দগুলি, সংখ্যা এবং চিহ্ন সংযোজিত হইবে; এবং
- (খ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা So৬০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“So৬০	So৬০.০০	নিলামকৃত	নিলামকৃত পণ্যের বিক্রয়	৩%”।
		পণ্যের ক্রেতা	মূল্যের বিশ শতাংশ পরিমাণ	
			অর্থ	

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ড. মোঃ সহিদুল ইসলাম ]  
প্রথম সচিব (মূসক নীতি ও বাজেট)